

স্মারক নং-৪৬.০২.৩৮৪৭.৪০৪.৯৯.০০১.২৩- ২৪

তারিখ: ০২/০২/২০২৩

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জয়পুরহাট সদর উপজেলার নিম্নলিখিত পুরাতন জরাজীর্ণ ভবনসমূহ নিলামের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি ভবনের জন্য পৃথক পৃথকভাবে সীলমোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ আগামী ১০/০১/২০২৩ খ্রি. তারিখ হতে ২৪/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (১) জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট, (২) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, জয়পুরহাট, (৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জয়পুরহাট সদর ও (৪) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, জয়পুরহাট সদর হতে নির্ধারিত নগদ মূল্যে ক্রয় করা যাবে। ক্রয়কৃত দরপত্রসমূহ আগামী ২৫/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত উল্লেখিত একই স্থানসমূহে রক্ষিত দরপত্র বাস্তবে দুপুর ১.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে। অতঃপর ২৫/০১/২০২৩ খ্রি. তারিখ বেলা ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাটের কার্যালয়ে দরপত্র বাস্তব খোলা হবে। নিলাম বিজ্ঞপ্তিটি উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাটের ওয়েবসাইট joypurhatsadar.joypurhat.gov.bd তে পাওয়া যাবে।

ভবনের তালিকা ও দরপত্র বিবরণী

| ক্রমিক নং | ভবনের নাম ও অবস্থান | সরকারী মূল্য (টাকায়) | সিডিউল মূল্য (টাকায়) | দরপত্র জামানতের টাকার পরিমাণ |
|-----------|--|-----------------------|-----------------------|------------------------------|
| ১। | পুরাতন সম্মেলন কক্ষ, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর। | ১,৪৩,৭৭২/- | ১,০০০/- | উদ্ধৃত দরের ৩০% |
| ২। | পুরাতন আবাসিক ভবন-০১, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর। | ১,৬৫,৭৬৫/- | ১,০০০/- | " |
| ৩। | পুরাতন আবাসিক ভবন-০২, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর। | ১,১১,৯২৬/- | ১,০০০/- | " |
| ৪। | উপজেলা জাতীয় মহিলার সংস্থার পুরাতন অফিস ভবন। | ২৭,৮৬১/- | ৫০০/- | " |
| ৫। | দোগাছী ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন, বিল্লাহ শহীদ ইয়াকুবিয়া উচ্চ বিদ্যালয় সংলগ্ন, দোগাছী ইউনিয়ন। | ৮৭,৮৯৫/- | ১,০০০/- | " |

শর্তাবলী:

- ১। দরপত্রে অংশগ্রহণকারীকে উদ্ধৃত দরের ৩০% হারে বায়নার টাকা জামানত হিসাবে বিডি/পে-অর্ডার আকারে উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাটের বরাবরে দাখিল করতে হবে।
- ২। দরদাতাকে উদ্ধৃত দরের সাথে ভ্যাট বাবদ ১৫% এবং আয়কর বাবদ ৫% অর্থাৎ মোট ২০% অতিরিক্ত টাকা আলাদাভাবে বিডি/পে-অর্ডার আকারে একই সাথে উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাটের বরাবরে দাখিল করতে হবে।
- ৩। কৃতকার্য সর্বোচ্চ দরপত্র দাতাকে কার্যাদেশ গ্রহণের পূর্বে নিলাম ডাকের সমুদয় টাকা বিডি/পে-অর্ডার আকারে উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাটের বরাবরে জমা দিয়ে কার্যাদেশ গ্রহণ করতে হবে।
- ৪। ২য় ও ৩য় সর্বোচ্চ দরপত্র দাতাদের দরপত্র জামানত, ১ম সর্বোচ্চ দরপত্র দাতা কর্তৃক কাজ শেষ না হওয়া পর্যন্ত ফেরত প্রদান করা হবে না। তবে যে কোন পরিস্থিতিতে এই বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৫। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট ভবনের সকল মালামাল ভেঙ্গে অপসারণ করতে হবে। ব্যর্থতায় জামানতের টাকা বাজেয়াপ্তসহ পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে।
- ৬। কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র কোনো প্রকার কারণ ব্যতিরেকেই বাতিল ও গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।


০২/০২/২০২৩
(কামাল সামিন শারিয়ার ফুয়াদ)
উপজেলা প্রকৌশলী

ও
সদস্য সচিব
উপজেলা পুরাতন ভবন নিলাম কমিটি
ফোন: ০২৫৮৯৯১৫৭৮৮
ই-মেইল: ue.joypurhat-s@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.৩৮৪৭.৪০৪.৯৯.০০১.২৩- ২৪ ২(১)

তারিখ: ০২/০২/২০২৩

- অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
- ১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
 - ২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত/সওজ/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট।
 - ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
 - ৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।
 - ৫। মেয়র, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।
 - ৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।
 - ৭। উপজেলা..... অফিসার, জয়পুরহাট সদর।
 - ৮। চেয়ারম্যান, ধলাহার/দোগাছী/ভাদসা/মোহাম্মাদাবাদ/আমদই/পুরানাপেল/বম্বু/জামালপুর/চকবরকত ইউনিয়ন, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
 - ৯। সম্পাদক, দৈনিক আমাদের অর্থনীতি ও The Daily Tribunal, Dhaka এবং দৈনিক জয়পুরহাট খবর, জয়পুরহাট; তাদেরকে অত্র নোটিশটি ভিতরের পাতায় সর্বোচ্চ ৪"×৪" সাইজে আগামী ১০/০১/২০২৩ খ্রি. তারিখের সকল সংস্করণে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
 - ১০। নোটিশ বোর্ড (সকল)।
 - ১১। অফিস কপি।